

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র


স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৪৮.২০১৯-১৬৮

তারিখ: ৩০ পৌষ ১৪২৭।
১৪ জানুয়ারি ২০২১।

বিষয়: বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার কাজলা ও বোয়াইল ইউনিয়নের বিরোধপূর্ণ অংশ বিয়োজন করে জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলা/থানার সাথে সংযোজন করে মাদারগঞ্জ উপজেলা ও থানার সীমানা পুনর্গঠন বিষয়ে রজিন ম্যাপ প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার কাজলা ও বোয়াইল ইউনিয়নের বিরোধপূর্ণ অংশ বিয়োজন করে জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলা/থানার সাথে সংযোজন করে মাদারগঞ্জ উপজেলা ও থানার সীমানা পুনর্গঠন সংক্রান্ত প্রস্তাবের সারসংক্ষেপটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

এমতাবস্থায়, বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার কাজলা ও বোয়াইল ইউনিয়নের বিরোধপূর্ণ অংশ বিয়োজন করে জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলা/থানার সাথে সংযোজন করে মাদারগঞ্জ উপজেলা ও থানার সীমানা পুনর্গঠন সংক্রান্ত প্রস্তাবের সারসংক্ষেপটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার লক্ষ্যে প্রস্তাবিত এলাকার কোন মৌজার কতটুকু অংশ সারিয়াকান্দি উপজেলা হতে বিয়োজন হবে এবং কতটুকু মাদারগঞ্জ উপজেলায় সংযোজন করা হবে তা সাংকেতিক চিহ্নের মাধ্যমে ভিন্ন কালিতে উল্লেখপূর্বক ৫০ (পঞ্চাশ) কপি রজিন ম্যাপ (সংশ্লিষ্ট সকলের স্বাক্ষরসহ) আগামী ২০ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মমতাজ বেগম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৬২২৪৭

E-mail: lgdupazila1@lgd.gov.bd

মহাপরিচালক

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

তেজাগাঁও, ঢাকা।

অনুলিপি:

১। জেলা প্রশাসক, জামালপুর।

২। সিনিয়র সচিবের একান্ত স্থানীয় সরকার বিভাগ।

৩। উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।

৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।